

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্যভবন, রমনা, ঢাকা
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা
www.fisheries.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

নং: ৩৩.০২.০০০০.১১২.৬৬.০০১.২৪.৪৭৩

তারিখ: ০৭/১১/২০২৫ খ্রি.

বিষয়: মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি মৎস্য খামারের নিলাম কার্যক্রম সম্পন্ন করার জন্য নিলাম কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র: প্রকল্প পরিচালকের ০৩/১১/২০২৫ তারিখের ৩৩.০২.০০০০.৯৬৪.০৩.০০১.২৪.৮২৮ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় মৎস্য অধিদপ্তরের নির্বাচিত খামারসমূহে প্রশিক্ষণ সুবিধাসহ অফিস ভবন ও সীমানা প্রাচীর এবং অন্যান্য স্থাপনা নির্মাণের সংস্থান রয়েছে। কিন্তু নতুন স্থাপনা নির্মাণের লক্ষ্যে পুরোনো পরিত্যক্ত অবকাঠামো, অফিস ভবন, সীমানা প্রাচীর ও গাছপালার নিলাম কার্যক্রম পরিচালনা করার জন্য প্রকল্প পরিচালকের প্রস্তাবনার আলোকে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি নিলাম কমিটি গঠন করা হলো।

(জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়):

ক্র. নং	নাম ও পদবি	প্রতিষ্ঠান/ঠিকানা	মন্তব্য
১	জেলা মৎস্য কর্মকর্তা	সংশ্লিষ্ট জেলা	সভাপতি
২	উপজেলা কৃষি কর্মকর্তা/মেট্রোপলিটন কৃষি কর্মকর্তা	সংশ্লিষ্ট উপজেলা	সদস্য
৩	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা	সংশ্লিষ্ট উপজেলা	সদস্য
৪	উপ-সহকারী প্রকৌশলী	সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর	সদস্য
৫	খামার ব্যবস্থাপক/হ্যাচারি কর্মকর্তা/সংশ্লিষ্ট অফিস প্রধান	সংশ্লিষ্ট খামার	সদস্য সচিব

২। কমিটির কার্যপরিধি:

- প্রশিক্ষণ সুবিধাসহ অফিস ভবন ও সীমানা প্রাচীর এবং অন্যান্য স্থাপনা নির্মাণের লক্ষ্যে কনডেমনেশন ঘোষিত যে কোন (অফিস ভবন, সীমানা প্রাচীর ও অন্যান্য) স্থাপনার নিলাম কার্যক্রম সম্পাদন।
- সংশ্লিষ্ট খামারের অন্যান্য যে কোন নিলাম কার্যক্রম সম্পাদন।



(ড. মোঃ আবদুর রউফ)

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২-২২৩৩৮২৮৬১

ই-মেইল: dg@fisheries.gov.bd

প্রকল্প পরিচালক

বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।